# পল্লী সঞ্চয় ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা।

শৃঙ্খলা ও আপিল বিভাগ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(অংশ-৮)/২০২৫-২৬/ ৭১৩ তারিখ: ১৯ /১০/২০২৫

## কর্মী সংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ আমিরুল ইসলাম (এ-২৫২), মাঠ সহকারী (বরখাস্তকৃত), পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, নওগাঁ (সংযুক্ত); ইতঃপূর্বে সাপাহার শাখা, নওগাঁ- এ মাঠ সহকারী হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের জন্য আপনার বিরুদ্ধে পল্লী সঞ্চয় ব্যাংক, কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫১ (ক), (খ), (ঙ) ও (চ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্বপালনে অবহেলা, অসদাচরণ, দুর্নীতি ও আত্মসাতমূলক অপরাধ সংঘটনের দায়ে বিভাগীয় মামলা নম্বর: ৭৪/২০২২-২৩ রুজুপূর্বক আপনাকে দোষী সাব্যস্ত করতঃ ১২ নভেম্বর, ২০২৪ তারিখের পসব্য/প্রকা/প্রশা-২২(৩৬৭)২০২২-২৩/২০২৪-২৫/৮১২ নম্বর স্মারকমূলে জারিকৃত কর্মী সংক্রান্ত ঘোষণার মাধ্যমে নিম্নবর্ণিত আদেশ প্রদান করা হয়:

"আপনাকে পল্লী সঞ্চয় ব্যাংক কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০২২ এর ৫২ (১) (খ) (উ) দফার বিধান অনুযায়ী চাকরি হতে বরখাস্ত করা হলো।"

০২। যেহেতু আপনি জনাব মোঃ আমিরুল ইসলাম, আপনার উপর আরোপিত দন্ড হতে অব্যাহতি প্রাপ্তির নিমিত্ত ০৫/০৩/২০২৫ তারিখে একটি আপিল আবেদন দাখিল করেন;

০৩। যেহেতু আপনার আপিল আবেদনটি পরিচালনা বোর্ডের ১৪১তম সভায় উপস্থাপন করা হলে পরিচালনা বোর্ড বিস্তারিত আলোচনা শেষে আপনার আবেদনটি নামঞ্জুর করার সিদ্ধান্ত প্রদান করেন;

০৪। এক্ষণে, সেহেতু পরিচালনা বোর্ড কর্তৃক গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ আমিরুল ইসলাম, মাঠ সহকারী (বরখাস্তকৃত) আপনার আপিল আবেদনটি নামঞ্জুর করতঃ আপনার উপর ১২/১১/২০২৪ তারিখের পসব্য/প্রকা/প্রশা-২২(৩৬৭)২০২২-২৩/২০২৪-২৫/৮১২ নং সারকমূলে আরোপিত বরখাস্তের আদেশ বহাল রাখা হলো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে,

(এলিজা জামান সুপ্তি)
সহকারী মহাব্যবস্থাপক

জনাব মোঃ আমিরুল ইসলাম (এ-২৫২),
মাঠ সহকারী (বরখাস্তকৃত),

স্থায়ী ঠিকানা
পিতা- মোঃ ওয়েজুর রহমান
গ্রাম- কামাশপুর
ডাকঘর- আলাদাপুর(৬৫৫০)
উপজেলা- সাপাহার
জেলা- নওগাঁ

স্মারক নম্বর: পসব্য/প্রকা/প্রশা-২২(অংশ-৮)/২০২৫-২৬/ ৭১৩ তারিখ: ১৯ /১০/২০২৫

অনুলিপি: জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. বোর্ড সচিব, বোর্ড সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন (রাজশাহী) বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬. প্রোগ্রামার, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, কর্মী ব্যবস্থাপনা বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা (ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য)।
৮. দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক, জেলা (আঞ্চলিক) কার্যালয়, নওগাঁ।
৯. শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, সাপাহার শাখা, নওগাঁ। কর্মী সংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ আমিরুল ইসলাম এর নিকট প্রাপ্তিস্বীকার রশিদের মাধ্যমে হস্তান্তরপূর্বক রশিদটি শৃঙ্খলা ও আপিল বিভাগে প্রেরণের জন্য নির্দেশ দেয়া হলো। জনাব মোঃ আমিরুল ইসলামকে উপস্থিত না পাওয়া গেলে একজন কর্মকর্তার মাধ্যমে তার স্থায়ী ঠিকানায় বসবাসরত তার পরিবারের সদস্য বা নিকটাত্মীয়ের নিকট, তা-ও সম্ভব না হলে নোটিশটি তার স্থায়ী ঠিকানার সদর দরজায় টানিয়ে ০২(দুই) জন সাক্ষীর স্বাক্ষরসহ একটি জারি সংক্রান্ত অত্র বিভাগে (keya@pallisanchaybank.gov.bd) প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।
১০. সংশ্লিষ্ট নথি/মহানথি।

(মোঃ মাসুদ হাসান)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার